

বুয়েট ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদকের কক্ষ সিলগালা

সংবাদ : প্রতিনিধি, ঢাকা | ঢাকা, রোববার, ১৩ অক্টোবর ২০১৯



বুয়েট শাখা ছাত্রলীগের সভাপতি জামিউস সানি ও সাধারণ সম্পাদক মেহেদী হাসান রাসেলের কক্ষ সিলগালা করে দিয়েছে

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবরার ফাহাদকে পিটিয়ে হত্যার ঘটনায় শিক্ষার্থীদের আন্দোলনের মুখে গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার পর এ পদক্ষেপ নেয়া হয়। বুয়েটের

আহসানউল্লাহ হলের ৩২১ নম্বর কক্ষে থাকতেন ২০১২-১৩ শিক্ষাবর্ষের ছাত্র জামিউস সানি। অন্যদিকে, বুয়েটের শেরে বাংলা হলের ৩০১২ নম্বর কক্ষে থাকতেন শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মেহেদী হাসান রাসেল। গতকাল বুয়েটের ছাত্রকল্যাণ উপদেষ্টা (ডিএসডব্লিউ) অধ্যাপক ড. মো. মিজানুর রহমান এ দুটি কক্ষ সিলগালা করে দেন।

কক্ষ সিলগালা করার বিষয়ে জামিউস সানি বলেন, সকালে আমি কক্ষেই ছিলাম। স্যাররা এসে সিলগালা করে দেন। আর আহসানউল্লাহ

হলের ১২১ নম্বর কক্ষে হল ছাত্রলীগের আফস ছিল। সেটাও সিলুগালা করা হয়েছে। আন্দোলনকারী শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে রাজনৈতিক ও অরাজনৈতিক সব অছাত্রদের হল থেকে উচ্ছেদ চলছে। আমরা সহযোগিতা করব।